

১০০ দিনের বকেয়া

প্রদান শুরু আজ

নিজস্ব প্রতিনিধি, বারাসত: উত্তপ্ত সন্দেশখালি ২ ব্লকেও ১০০ দিনের কাজে শ্রমিকদের বকেয়া টাকা মেটাতে উদ্যোগী রাজ্য সরকার। প্রায় ছয় হাজার শ্রমিককে ২ কোটি টাকা দেবে সরকার। সেই মতো প্রক্রিয়া শুরু হয়েছে। আজ, বুধবার শ্রমিকদের অ্যাকাউন্টে টাকা প্রদান শুরু হবে।

বেশ কিছুদিন ধরে উত্তপ্ত

সন্দেশখালি ২ ব্লক। তৃণমূল নেতাদের বিরুদ্ধে দফায় দফায় বিক্ষোভ দেখাচ্ছেন এলাকাবাসীরা। এই পরিস্থিতিতে ১০০ দিনের কাজের টাকা দেওয়া সম্ভব হবে কি না, তা নিয়ে কিছুটা জটিলতা তৈরি হয়।

কিন্তু, সমস্ত জট কাটিয়ে টাকা দেওয়ার প্রক্রিয়া চালু করতে চলেছে প্রশাসন। এদিকে এলাকায়

সরকারিভাবে বিভিন্ন ক্যাম্পও করছে জেলা প্রশাসন। জেলার পদস্থ কর্তারা এলাকায় গিয়ে মানুষের সঙ্গে কথাও বলছেন। সন্দেশখালি ২ বিডিও

অরুণকুমার সামন্ত বলেন, আমাদের ব্লকে ছয় হাজারের মতো ১০০ দিনের কাজের শ্রমিক টাকা পাবেন। রাজ্য

সরকারের সমস্ত নির্দেশিকা মেনে অ্যাকাউন্ট যাচাই করে টাকা দেওয়ার প্রক্রিয়া শুরু হবে বুধবার। দু'কোটি

টাকা প্রাপ্য ব্লকের। জেলা পরিষদের সভাপতি নারায়ণ গোস্বামী বলেন, এই ব্লকে ১০০ দিনের কাজের

শ্রমিকরা যাতে তাঁদের বকেয়া টাকা পেতে সমস্যায় না পড়েন, তার জন্য আমরা তৎপর।